



পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলা'র একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ

জেনারেল এ্যাডমিন শাখা

“দুর্নীতিকে না বলুন, নৈতিকতা
মেনে চলুন।”

টেলিফোন: ০২৫৮৮৮৩১৪৪২, তথ্য বাতায়ন:

pgcl.gov.bd

“জ্ঞান নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার।”

নম্বর: ২৮.১৮.০০০০.০০০.০৩৪.০৬.০০০১.১৮.৫০৮

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর পরিচালনা পর্ষদের গত ২৯/০৬/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৩৭৪তম পর্যবেক্ষণ সভায় “পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর সামাজিক দায়বদ্ধতা তহবিল ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫” অনুমোদিত হয়। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে এতদসঙ্গে সংযুক্ত বর্ণিত নীতিমালাটি (সংযুক্তি-১) এ আদেশ জারির তারিখ হতে পিজিসিএল-এ কার্যকর করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

(১) সংযুক্তি-১

২৪-০৭-২০২৫

মোঃ সাহিনুর আলম

মহাব্যবস্থাপক (প্রশাসন) (চলতি দায়িত্ব)

০২৫৮৮৮৩১৪৪৮

gm.admin@pgcl.org.bd

নম্বর: ২৮.১৮.০০০০.০০০.০৩৪.০৬.০০০১.১৮.৫০৮/১ (৮)

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সংশ্লিষ্ট সকল মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ২। সংশ্লিষ্ট সকল উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৩। সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ৪। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।



২৪-০৭-২০২৫

এ.কে.এম. মাহমুদ হাসান চৌধুরী
উপ-মহাব্যবস্থাপক (এইচ.আর)

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)



“পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর সামাজিক দায়বক্তব্য
তহবিল ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫”

থান কার্যালয়: নলকা, সিরাজগঞ্জ।

→ *Signature*

R

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

“পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর সামাজিক দায়বক্তা তহবিল ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫”

১.০ নীতিমালা প্রস্তাবনের পটভূমি ও উদ্দেশ্য:

দেশের অনগ্রসর, সুবিধা বহিত, দরিদ্র, অসহায় মানুষের কল্যাণ, সমাজাভিক ও বৈষম্যহীন সমাজ বিনিয়োগে রাস্তায় পৃষ্ঠপোষকতার পাশাপাশি প্রাতিষ্ঠানিক দায়বক্তা রয়েছে। সে লক্ষে গত ২৫/০৬/২০১৪ তারিখে অনুষ্ঠিত পিজিসিএল-এর ১৯৮ তম পর্যবেক্ষণ সভায় গৃহীত সিদ্ধান্তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (আয়কর) কর্তৃক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন এস.আরও নং-২২৯-আইন/আয়কর/২০১১ এর তফসিল ‘গ’ কে বর্ণিত ক্ষেত্রসমূহ অত্র কোম্পানিতে কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্র হিসেবে অনুমোদন প্রদান করা হচ্ছে। সে আলোকে কোম্পানির সামাজিক দায়বক্তা থেকে বিভিন্ন সামাজিক কর্মসূচি কল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে যা কোম্পানির আওতাধীন এলাকায় আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখছে। কোম্পানি কর্তৃক আর্থ-সামাজিক, শিক্ষা-সাংস্কৃতিক-ক্রীড়া-ধর্মীয় কল্যাণ, চিকিৎসা, পরিবেশ ও মানব সম্পদ উন্নয়নে অবদান রাখার লক্ষ্যে পেট্রোবাংলার আওতাধীন অন্যান্য কোম্পানিতে বিদ্যমান এ সংকুচ্ছ নীতিমালা পর্যালোচনাপূর্বক অধিকতর যুগোপযোগী করে এ নীতিমালা প্রণয়ন করা হলো।

২.০ শিরোনাম:

এ নীতিমালাটি “পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর সামাজিক দায়বক্তা তহবিল ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫” নামে অভিহিত হবে।

৩.০ প্রবর্তন:

এ নীতিমালা পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) পরিচালনা পর্যবেক্ষণের অনুমোদনক্রমে অফিস আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

৪.০ সংজ্ঞাসমূহ:

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে এ নীতিমালায়-

- ক) ‘সিএসআর’ অর্থ প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বক্তা;
- খ) ‘তহবিল’ অর্থ কোম্পানি কর্তৃক সামাজিক দায়বক্তার লক্ষ্যে কোম্পানি কর্তৃক সংস্থানকৃত অর্থ;
- গ) ‘কোম্পানি’ অর্থ ‘পিজিসিএল’ বা ‘পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড’;
- ঘ) ‘পরিচালনা পর্যবেক্ষণ’ অর্থ ‘পিজিসিএল-এর পরিচালনা পর্যবেক্ষণ’;
- ঙ) ‘কর্তৃপক্ষ’ অর্থ ‘পিজিসিএল-এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ’;
- চ) ‘প্রতিষ্ঠান’ অর্থ আর্থ-সামাজিক, শিক্ষা-সাংস্কৃতিক, ধর্মীয় প্রতিষ্ঠান যথা মসজিদ, মাদ্রাসা, এতিমখানা ও মানবসম্পদ উন্নয়নে নিযুক্ত প্রতিষ্ঠান, সরকার স্থীরত/সরকারের অগ্রাধিকার প্রাপ্ত প্রতিষ্ঠান;
- ছ) ‘শিক্ষা প্রতিষ্ঠান’ অর্থ ‘সরকারি ও সরকার স্থীরত/নির্বিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান’;
- জ) ‘ম্যানেজিং কমিটি’/‘গভর্নিং বডি’ অর্থ ‘সরকারি নীতিমালার আওতায় প্রতিষ্ঠান পরিচালনা কমিটি’;
- ঝ) ‘জ্ঞানসমূহ’ অর্থ ‘জ্ঞানান্বয় ও খনিজ সম্পদ বিভাগ’;
- ঞ) ‘ব্যক্তি’ অর্থ এ নীতিমালায় উল্লিখিত আবেদনকারী কোন একক ব্যক্তি।

পৃষ্ঠা নং-১/৮



৫.০ এ নীতিমালার প্রযোজ্যতা:

- (ক) সমাজের অসহায়, বিপদগ্রস্ত, দরিদ্র, পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মান উন্নয়ন, প্রাকৃতিক মুর্মোশে জন মুক্তির মাধ্যমে এবং সরকার স্বীকৃত/সরকারের অগ্রাধিকার প্রাপ্ত প্রতিষ্ঠান-কে আর্থিক সহায়তার মাধ্যমে পৃষ্ঠপোষকতা হৃদয়ান্তের প্রেরণে এ নীতিমালা প্রযোজ্য হবে। তবে পিজিসিএল-এর কার্যক্রমভুক্ত এলাকা যথা- রাজশাহী ও রংপুর বিভাগের প্রতিষ্ঠানসমূহ প্রযোজ্য শর্তপূরণ সাপেক্ষে অগ্রাধিকার পাবে;
- (খ) জ্ঞানসবি, পেট্রোবাংলা ও এর অধীন কোম্পানিসমূহের কর্মকর্তা/কর্মচারী ও তাদের পোষ্যদের এবং বাংলাদেশি যে কোন নাগরিকের মানবিক সহায়তার ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে;
- (গ) শিক্ষা সহায়ক এককালীন আর্থিক সহায়তা/মেধা-বিকাশে পৃষ্ঠপোষকতা;
- (ঘ) পথশিশুদের পুনর্বাসনের জন্য আর্থিক ও সামাজিক সহায়তা প্রদান;
- (ঙ) অন্যান্য অনুরূপ কার্যক্রমে সরকার স্বীকৃত প্রতিষ্ঠানে পৃষ্ঠপোষকতা।

৬.০ কর্তৃত:

এ নীতিমালার কোন পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন কিংবা সংযোজন-বিয়োজনের ক্ষমতা কেবল পিজিসিএল পরিচালনা পর্যন্ত কর্তৃক সংরক্ষিত থাকবে।

৭.০ অর্থায়নের উৎস:

সংশ্লিষ্ট খাতে কোম্পানির অনুমোদিত বাজেট।

৮.০ আর্থিক অনুদান প্রদানের ক্ষেত্রসমূহ:

(ক) আর্ত-মানবতার সেবা:

অনুদানের পরিমাণ

জ্ঞানসবি, পেট্রোবাংলা ও পিজিসিএলসহ পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের কোন কর্মকর্তা/কর্মচারী বা তাদের উপর নির্ভরশীল পোষ্য চাকরিকালে বা অবসরকালে মারাঘকভাবে আহত হলে, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হলে বা অন্য যেকোন ব্যক্তি মারাঘকভাবে আহত হলে বা দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হলে আর্থিক সহায়তা প্রদান;

সর্বোচ্চ ১,০০,০০০/-
টাকা

(খ) মেধা বিকাশে পৃষ্ঠপোষকতা:

প্রকৃত দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের এবং মেডিকেল/ইঞ্জিনিয়ারিং বা কোন পাবলিক জনপ্রতি ১০,০০০/- বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগপ্রাপ্ত দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের এককালীন ভর্তি, বইসহ লেখাপড়ার উপকরণ ও অন্যান্য খরচের জন্য বৃত্তি/সহায়তা;

(গ) অন্যান্য কার্যক্রমে আর্থিক অনুদান প্রদান:

১. খেলাধুলার সামগ্রী ক্রয়; ২. শহীদ মিনার নির্মাণ; ৩. খেলার মাঠ উন্নয়ন; ৪. বিজ্ঞান মেলার আয়োজন; ৫. স্কাউটিং; ৬. বিতর্ক প্রতিযোগিতা; ৭. স্যানিটেশন; ৮. বিশুদ্ধ পানির ব্যবস্থাকরণ; ৯. আন্তঃবিদ্যালয়/কলেজ ক্রীড়ানুষ্ঠানে পৃষ্ঠপোষকতা এবং ১০. সামাজিক সচেতনতা বৃক্ষিকান্তে।

অনধিক ৫০,০০০/-
টাকা

(ঘ) সরকার ও কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় নির্দেশিত ক্ষেত্রে আর্থিক অনুদান প্রদান।

অনধিক
১,০০,০০০/- টাকা

—
Signature

Q
Signature

পৃষ্ঠা নং-২/৪


৯.০ সামাজিক দায়বক্তব্য/সামাজিক পালনের ক্ষেত্রসমূহ:

(ক)	অসহায়-দরিদ্রদের সেবা এবং মুক্তিযুক্ত ও বৈষম্য বিরোধী চেতনা বাস্তবায়ন:	অনুদানের পরিমাণ
১.	প্রাকৃতিক দুর্বোগ যেমন: ঘূর্ণিবাড়, ভূমিকম্প, জলোছাস, তীব্র শীত ও বন্যা/প্রাবনের ফলে অভিগ্রান্ত এলাকার জনদুর্ভোগ লাঘবের উদ্দেশ্যে সরকারি কোন প্রতিষ্ঠানে অথবা পিজিসিএল কর্তৃক সরাসরি সহায়তা;	
২.	প্রতিবর্কী/বিশেষ চাহিদাসম্পর্ক শিশুদের কল্যাণে নিয়োজিত কোন সামাজিক সংস্থাকে সহায়তা;	
৩.	বন্তিবাসীদের আবাসন প্রকল্পে নিয়োজিত প্রতিষ্ঠানে সহায়তা;	
৪.	নারী অধিকার ও মৌতুক বিরোধী প্রচারণায় নিয়োজিত সামাজিক প্রতিষ্ঠানে সহায়তা;	
৫.	এতিম ও ছিমুল শিশুদের ভরণপোষণ ও পুনর্বাসনে নিয়োজিত প্রতিষ্ঠানে সহায়তা;	
৬.	পর্বত্য চট্টগ্রাম, চৰাক্ষণ, নদীভাণে এলাকায় স্বাস্থ্যসম্মত পর্যাঙ্গনিকাশন কাজে নিয়োজিত প্রতিষ্ঠানে সহায়তা;	
৭.	ঠোট কাটা, ছানি পড়া, ক্যান্সার ও কুঠ রোগ নিরাময়ে নিয়োজিত প্রতিষ্ঠানে সহায়তা;	
৮.	এসিড আক্রান্তদের, অগ্নিদগ্ধদের চিকিৎসা সেবায় নিয়োজিত প্রতিষ্ঠানে সহায়তা;	
৯.	দরিদ্র রোগীদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রদান ও চিকিৎসার মান উন্নয়নের জন্য বিশেষায়িত হাসপাতাল যেমন- ক্যান্সার, লিভার, কিডনি, থ্যালাসেমিয়া, চক্রু, নিউরো ও কার্ডিওতে সহায়তা;	অনধিক ১,০০,০০০/- টাকা
১০.	মুক্তিযুক্ত বিষয়ক গবেষণা, মুক্তিযুক্তের স্মৃতি রক্ষার্থে নির্মিত বা নির্মিতব্য জাতীয় পর্যায়ের জাদুঘর, মুক্তিযোক্তাদের কল্যাণে নিয়োজিত সরকার স্থীকৃত/সরকারের অগ্রাধিকার প্রাপ্ত প্রতিষ্ঠানে সহায়তা এবং বৈষম্য বিরোধী জুলাই অড়ুখানে আহতদের এবং শহিদ পরিবারের আর্থ-সামাজিক উন্নয়নে সরকার স্থীকৃত/সরকারের অগ্রাধিকার প্রাপ্ত প্রতিষ্ঠানে আর্থিক অনুদান।	
(খ)	শিক্ষা সহায়ক উপকরণ ও পরিবেশ উন্নয়নে এককালীন আর্থিক সহায়তা:	
(গ)	পথশিশুদের পুনর্বাসনের জন্য আর্থিক ও সামাজিক সহায়তা প্রদান; এবং	
(ঘ)	সরকার ও কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় নির্দেশিত ক্ষেত্র।	

১০.০ অনুদান প্রদানের সাধারণ নিয়মাবলি:

- এ নীতিমালায় উল্লিখিত খাতসমূহ হতে আর্থিক সহায়তা প্রাপ্তির উদ্দেশ্য ও যৌক্তিকতা উল্লেখপূর্বক কোম্পানি প্রধান ব্যাবর ব্যক্তির ক্ষেত্রে সাদা কাগজে এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ আবেদন করতে হবে। আবেদনকারী প্রতিষ্ঠান/ব্যক্তি'র আবেদনের সাথে প্রযোজ্য প্রমাণক/কাগজপত্র দাখিল করতে হবে;
- শিক্ষা সহায়তা প্রাপ্তির আবেদনে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভার সিক্ষাত্ত, কর্মসূচি বাস্তবায়নের যৌক্তিকতা, স্বত্ত্বা ব্যয়ের প্রাক্কলন ইত্যাদি এককালীন আর্থিক সহায়তা প্রাপ্তির যোগ্যতা হিসেবে বিবেচিত হবে;
- কোন প্রতিষ্ঠান একই অর্থবছরে অনুচ্ছেদ-৯.০ এ উল্লিখিত খাতসমূহের মধ্য হতে যে কোন একটি খাতের জন্য আবেদন করতে পারবে। কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি এ নীতিমালার আওতায় অনুচ্ছেদ-৮.০ ও অনুচ্ছেদ-৯.০ এ উল্লিখিত খাতে সহায়তা প্রাপ্ত হলে পরবর্তী ২(দুই) বছরের মধ্যে আর অন্য কোনো খাতে সহায়তা প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না;
- এ নীতিমালার আলোকে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন কোম্পানি পর্যায়ে গঠিত কমিটির মাধ্যমে যাচাই-

পৃষ্ঠা নং-৩/৮

- বাহাইপূর্বক সুপারিশের ডিতিতে বাজেট সংস্থান এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোম্পানির অনুমোদিত বাজেটের সংশ্লিষ্ট খাত হতে অনুচ্ছেদ-৮.০ বা অনুচ্ছেদ-৯.০ এ উল্লিখিত খাত সমূহে পৃষ্ঠপোষকতা/আর্থিক সহায়তার অর্থ প্রদান করা যাবে;
৫. সামাজিক দায়বক্তা খাতে আবেদন বিবেচনা করার ক্ষেত্রে কোম্পানির কার্যক্রমভুক্ত এলাকার ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহ অগ্রাধিকার পাবে;
 ৬. কোম্পানির সিএসআর সংক্রান্ত কমিটির সুপারিশ ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে গুরুত অনুযায়ী যৌক্তিক পরিমাণে এককালীন আর্থিক সহায়তা হিসেবে বরাদ্দ প্রদান করা যাবে;
 ৭. কোম্পানির কার্যক্রমভুক্ত এলাকার বাইরেও বিশেষ বিবেচনায় সংশ্লিষ্ট কমিটির সুপারিশ ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আর্থিক সহায়তা প্রদান করা যাবে;
 ৮. কোম্পানি এ নীতিমালার আওতায় অনুদান প্রদানের জন্য প্রয়োজনবোধে কোন প্রতিনিধির মাধ্যমে আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের তথ্য উপাত্ত সরেজিন পরিদর্শনপূর্বক বাস্তবতা যাচাই করতে পারবে। সহায়তা প্রদানের পর কার্যসম্পাদনের বাস্তব অবস্থা যাচাইয়ের জন্যও কোম্পানি পদক্ষেপ নিতে পারবে;
 ৯. সহায়তাপ্রাপ্ত প্রতিষ্ঠান শুধু নির্ধারিত খাতে অর্থ ব্যয় করবে মর্মে সরকার নির্ধারিত মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করার পর সামাজিক দায়বক্তা খাত থেকে অর্থ হস্তান্তর করা হবে;
 ১০. আর্থিক সহায়তার অর্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে চেক/MFS(Mobile Financial System) এর মাধ্যমে পরিশোধ করা হবে। কোন প্রতিষ্ঠান নির্ধারিত কর্মসূচির বাইরে গৃহীত সহায়তা ব্যবহার করতে পারবে না;
 ১১. এ নীতিমালার আওতায় প্রাপ্ত আবেদন প্রাথগ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে এবং অনুদান প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
 ১২. কোন বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১.০ এ নীতিমালা প্রবর্তনের প্রক্রিতে ইত্যপূর্বে পিজিসিএল পরিচালনা পর্বদের বিগত ২৫/০৬/২০১৪ তারিখে অনুষ্ঠিত ১৯৮তম বোর্ড সভার সিদ্ধান্তক্রমে কোম্পানিতে প্রবর্তিত সামাজিক দায়বক্তা নীতিমালা রাখিত হবে।


 মোঃ শাহিনুর আলম
 কোম্পানি সচিব
 পান্তিমাল গ্যাস কোম্পানী লিমিটেড


 মোঃ জাফিল হোসেন
 ব্যবস্থাপনা পরিচালক
 পান্তিমাল গ্যাস কোম্পানী লিমিটেড
 নলকা, সিরাজগঞ্জ।

পৃষ্ঠা নং-৮/৮